

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।  
(শুক্ক)  
প্রজ্ঞাপন

তারিখ: ১৫ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/২৯ জুন, ২০০৮ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন নং-২১৩/২০০৮/শুক্ক। Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 13, এর Sub-section (2), এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, Diplomatic Bonded Warehouse সমূহ কর্তৃক বন্ড সুবিধার আওতায় মদ, মদ জাতীয় পানীয় ও সিগারেট আমদানির ক্ষেত্রে অনুসরণীয় নিম্নরূপ শর্ত আরোপ করিল, যথা:

(ক) মদ, মদ জাতীয় পানীয় ও সিগারেটের Master Carton এর গায়ে দৃশ্যমানভাবে বড় অক্ষরে (Capital letter) “BANGLADESH DUTY NOT PAID” নামে মুদ্রিত স্টিকার আবশ্যিকভাবে গালাইতে হইবে;

(খ) সকল প্রকার মদ, মদ জাতীয় পানীয় ও সিগারেট আমদানির পর তাহা Warehouse এ যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে। অতঃপর এই সকল পণ্য ক্রেতার নিকট বিক্রয়কালে বিক্রিত প্রতি একক বা মিনি কার্টনের উপর দৃশ্যমানভাবে বড় অক্ষরে (Capital letter) “BANGLADESH DUTY NOT PAID” মুদ্রিত অপসারণযোগ্য নয় এমন স্টিকার বন্ডার অত্যন্ত মজবুতভাবে সাঁটিয়া (affixed) দিবেন। স্টিকার মুদ্রণ ও তাহা সাঁটিয়া দেয়ার যাবতীয় ব্যয় বন্ডার নিজে বহন করিবেন; এবং

(গ) ইহার অন্যথা হইলে পণ্য চালান বন্ড সুবিধার আওতায় আমদানি ও বিক্রয়যোগ্য হবে না।

০২। রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এসআরও নং-১৮৫/২০০৭/শুক্ক, তারিখ ১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০০৭ খ্রিষ্টাব্দ এবং প্রজ্ঞাপন এসআরও নং-১৯৩/২০০৭/শুক্ক, তারিখ ১৮ কার্তিক, ১৪১৪ বঙ্গাব্দ/১২ নভেম্বর, ২০০৭ খ্রিষ্টাব্দ এতদ্বারা বাতিল করা হইল।

০৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০০৮ খ্রিষ্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে  
স্বাক্ষরিত/-  
(ড. মো: সহিদুল ইসলাম)  
প্রথম সচিব (শুক্ক: রপ্তানি ও বন্ড)